

আল কুরআন
অনন্ত করুণাময় পরম দয়ালু
আল্লাহর নামে আরম্ভ করছি
.....
এটা এজন্য যে, তারা বলে রেখেছে
যে, উম্মীদের অধিকার বিনষ্ট করতে
আমাদের কোন পাশ নেই। আর
তারা আল্লাহ সম্পর্কে জেনে শুনেই
মিথ্যা বলে।

সূরা আল ইমরান ৭৫

দৈনিক

কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ বৃহস্পতিবার ॥ ১৭ সেপ্টেম্বর ২০২৬ ॥ ০৫ রবিঃ সানিঃ ১৪৪৮ ॥ ০৪ আশ্বিন ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ১০৩ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

 গুরুতর অপরাধের মূলে মাদক ও জুয়ার সংশ্লিষ্টতা পাওয়া যায়: স্বরাষ্ট্রমন্ত্রী কীর্তনখোলা ডেস্ক স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেছেন, বর্তমানে সংঘটিত অনেক অপরাধের পেছনে জুয়া ও মাদককে অন্যতম ২ এর পাতায় দেখুন	 শিক্ষার্থীরা এআই প্রশিক্ষিত না হলে ভবিষ্যৎ অন্ধকার: শিক্ষামন্ত্রী কীর্তনখোলা ডেস্ক শিক্ষামন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন বলেছেন, ‘আমাদের ছাত্র-ছাত্রীরা মেয়েকে কোনো অংশে কম নয়। আমাদের মেধাবী ২ এর পাতায় দেখুন	 ফ্যাসিবাদীদের প্রোপাগান্ডাকে গ্রহণ করায় দুদকের নিরপেক্ষতা ক্ষুণ্ণ হয়েছে: নাহিদ ইসলাম কীর্তনখোলা ডেস্ক জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক ও বিরোধীদলীয় চিফ ছুইপ নাহিদ ইসলাম বলেছেন, এনসিপির মুখপাত্র ২ এর পাতায় দেখুন	 স্থানীয় নির্বাচন নিরপেক্ষ হবে না: গোলাম পরওয়ার কীর্তনখোলা ডেস্ক নির্বাচন কমিশন (ইসি) স্বাধীন ও নিরপেক্ষভাবে কাজ করতে পারছে না বলে অভিযোগ করে জামায়াতে ইসলামীর ২ এর পাতায় দেখুন
---	---	---	--

বরিশালে ইলিশের সরবরাহ দ্বিগুণ, দামে কিছুটা স্বস্তি

কীর্তনখোলা রিপোর্ট
দীর্ঘদিনের চড়া দামের পর বরিশালের বাজারে ইলিশের দামে কিছুটা স্বস্তি ফিরেছে। গত কয়েক দিনে মোকামগুলোতে ইলিশের সরবরাহও প্রায় দ্বিগুণ হয়েছে। এর প্রভাবে পাইকারি বাজারে মধ্যপ্রতি দাম কমেছে সর্বোচ্চ প্রায় ২০ হাজার টাকা। বুধবার (১৬ সেপ্টেম্বর) বরিশাল নগরীর ইলিশের প্রধান পাইকারি মোকাম পোর্ট রোড ও বিভিন্ন খুচরা বাজার ঘুরে ব্যবসায়ী, জেলে ও ক্রেতাদের সঙ্গে কথা বলে এসব তথ্য জানা গেছে। ব্যবসায়ীরা জানান, প্রায় এক সপ্তাহ ধরে মোকামগুলোতে ছোট, মাঝারি ও বড় ধরনের ইলিশ তুলনামূলক বেশি আসছে। সরবরাহ বাড়ার সঙ্গে সঙ্গে কমানতে শুরু করেছে দামও। আর এতে কিছুটা স্বস্তি ফিরেছে ক্রেতাদের মাঝেও।



হাজার ৪০০ টাকা কেজি। তাই আগের তুলনায় দাম কিছুটা কমা দুই কেজি মাছ কিনেছেন বলে জানান। নগরীর বাংলাবাজারে মাছ কিনতে আসা রেজাউল ইসলাম বলেন, ‘গত সপ্তাহে ৭০০ থেকে ৯০০ গ্রাম ওজনের দুটি ইলিশ কিনেছি ২ হাজার ৫০০ টাকা কেজি দরে।

একই সাইজের ইলিশ বিক্রি হচ্ছে ২ হাজার টাকা কেজিতে। বিক্রেতারা বলেন, ইলিশের সরবরাহ বাড়ায় দাম কমেছে। পোর্ট রোড মোকামের খুচরা বিক্রেতা নাসির উদ্দিন বলেন, গত সপ্তাহে ৪টায় এক কেজি হয় এমন ইলিশ ১ হাজার টাকায় কিনেছেন। এ সপ্তাহে সেই মাছ কিনেছেন ৬০০ টাকা কেজিতে। আর এক কেজি ওজনের ইলিশ এখন ২ হাজার ২০০ টাকা কেজিতে কিনছেন, যেখানে আগে দাম ছিল ২ হাজার ৮০০ থেকে ৩ হাজার টাকা। পোর্ট রোড মকস্য আড়তদার সমিতির সভাপতি মো. জহির শিকদার বলেন, ‘গত সপ্তাহে পোর্ট রোডের মোকামে ইলিশ এসেছিল প্রায় ৭৫ মণ। মঙ্গলবার ২ এর পাতায় দেখুন

একনেকে ১ লাখ ৬৮ হাজার ৭৮০ কোটি টাকার ১২ প্রকল্প অনুমোদন

কীর্তনখোলা ডেস্ক
জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভায় ১ লাখ ৬৮ হাজার ৭৮০ কোটি ৪০ লাখ টাকার ১২টি প্রকল্পের অনুমোদন দেওয়া হয়েছে। প্রধানমন্ত্রী তারেক রহমানের সভাপতিত্বে প্রকল্পগুলোর অনুমোদন দেওয়া হয়। বুধবার (১৬ সেপ্টেম্বর) সকালে সচিবালয়ে একনেক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে শেষে শেরেবাংলা নগরের এনইসি সম্মেলন কক্ষে সংবাদ সম্মেলনে বিস্তারিত জানান পরিকল্পনা প্রতিমন্ত্রী জুনায়েদ সাকী। সংবাদ সম্মেলনে জানানো হয়, একনেকে অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের মধ্যে সরকারি অর্থায়ন ৪৮ হাজার ২৫৬ কোটি ৩০ লাখ টাকা এবং প্রকল্প ঋণ হিসেবে পাওয়া যাবে ১ লাখ ২০ হাজার ৪৬৬ কোটি ৩৯ লাখ টাকা এবং সহায়ক নিজস্ব অর্থায়ন থেকে পাওয়া যাবে ৫৭ কোটি ৭১ লাখ টাকা। অনুমোদিত ১২টি প্রকল্পের মধ্যে ৭টি নতুন ও ৫টি সংশোধিত। ২ এর পাতায় দেখুন

ডেঙ্গুতে আরও ৭ জনের মৃত্যু, সেপ্টেম্বরে ১৬ দিনেই ৭৪

কীর্তনখোলা ডেস্ক
হামের পাশাপাশি দেশে ডেঙ্গু পরিস্থিতি ক্রমশ আশঙ্জনক রূপ নিচ্ছে। ডেঙ্গুতে আক্রান্ত হয়ে নতুন করে (মঙ্গলবার সকাল ৮টা থেকে বুধবার সকাল ৮টা পর্যন্ত) আরও সাতজনের মৃত্যু হয়েছে। এই সময়ে নতুন করে ১ হাজার ৭৫৩ জন ডেঙ্গু রোগী হাসপাতালে ভর্তি হয়েছে, যা চলতি বছরে এক দিনে সক্রমণের নতুন রেকর্ড। বুধবার স্বাস্থ্য অধিদপ্তরের ডেঙ্গুবিষয়ক হালনাগাদ প্রেস বিজ্ঞপ্তি থেকে এসব তথ্য জানা গেছে। স্বাস্থ্য অধিদপ্তর জানিয়েছে, চলতি বছর দেশে ডেঙ্গুতে আক্রান্ত হয়ে মোট মৃত্যুর সংখ্যা দাঁড়িয়েছে ১৭১ জনে। মাসভিত্তিক পরিসংখ্যানে দেখা যায়, জানুয়ারিতে ২, ফেব্রুয়ারিতে ২, মে মাসে ১, জুনে ১৩, জুলাইয়ে ৩৬ এবং আগস্টে ৪৩ জন মারা যায়। তবে সেপ্টেম্বরের শুরু থেকে মহামারি পরিস্থিতির অবনতি ঘটে; চলতি মাসের প্রথম ১৬ দিনেই মারা গেছে ৭৪ জন। নিজস্ব রিপোর্ট অনুযায়ী, গত ২৪ ঘণ্টায় ২ এর পাতায় দেখুন



প্রধানমন্ত্রীর উপদেষ্টা জহির উদ্দিন স্বপন দেশে আ.লীগ আমলে ১৫৫ জন গুম হাজারো নেতাকর্মী হত্যা করা হয়েছে

আইলগাভাড়া প্রতিনিধি

দেশে আ.লীগ আমলে ১৫৫ জন গুম। তারা জীবিত কি মৃত্যু জানা নাই। দেশে হাজার হাজার নেতাকর্মী হত্যা করেছে। লক্ষ লক্ষ নেতাকর্মীদের বিরুদ্ধে

প্রধানমন্ত্রী দেশমতাকে জেলে রেখে তিলে তিলে তাকে হত্যা করে। বুধবার সকালে বরিশালের আটগলবাড়ী উপজেলার নগরবাড়ী গ্রামের শহিদ টিগু হাওলাদারকে মা ও প্রয়াত বিএমপি নেতা আলাউদ্দিন

হাওলাদারের কবর জিয়ারত শেষে বরিশাল-১ আসনের এমপি ও প্রধানমন্ত্রীর উপদেষ্টা জহির উদ্দিন স্বপন এ কথা বলেন। তিনি এ সময় আরো বলেন, শহিদ টিগুর মা তার মৃত্যুর আগে দেখে ২ এর পাতায় দেখুন



বরিশাল নগরীর পরিচ্ছন্নতায় নতুন গতি ৮ বক্স ভ্যান ও ৩০ ডাস্টবিন হস্তান্তর

কীর্তনখোলা রিপোর্ট
নগরীর পরিষ্কার-পরিচ্ছন্ন ও পরিবেশবান্ধব করে গড়ে তোলার লক্ষ্যে বরিশাল সিটি কর্পোরেশনকে (বিসিসি) বর্জ্য সঞ্চারের জন্য অপারেশন বক্স ভ্যান, ডাস্টবিন ও বিভিন্ন পরিচ্ছন্নতা উপকরণ দিয়েছে আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা ওয়ার্ল্ড ভিশন। মঙ্গলবার (১৬

সেপ্টেম্বর) দুপুর ১২টায় বরিশাল সিটি কর্পোরেশন অডিটোরিয়ামে আয়োজিত এক অনুষ্ঠানের মাধ্যমে এসব সামগ্রী হস্তান্তর করা হয়। এ সময় মোট ৮টি অপারেশন বক্স ভ্যান ও ৩০টি বর্জ্য ফেলার বিন সিটি কর্পোরেশনের কাছে হস্তান্তর করে ওয়ার্ল্ড ভিশন। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বরিশাল

সিটি কর্পোরেশনের প্রশাসক আডভোকেট বিলকিস আক্তার জাহান শিরীন। বক্তব্যে তিনি নগরীকে পরিষ্কার-পরিচ্ছন্ন ও সুশৃঙ্খল রাখতে সরকারি-বেসরকারি সব সংস্থার সমন্বিত উদ্যোগের ওপর গুরুত্বারোপ করেন। একই সঙ্গে পরিচ্ছন্নতা কার্যক্রমে ওয়ার্ল্ড ভিশনের সহযোগিতার ২ এর পাতায় দেখুন

চরফ্যাশনে মসজিদের মস্কা-মদিনার নিরাপত্তাকে সব রাজনৈতিক ছাদ থেকে পড়ে শিক্ষার্থীর মৃত্যু বিরোধের ঊর্ধ্বে রাখতে হবে চরমোনাই পীর

চরফ্যাশন প্রতিনিধি

ভোলার চরফ্যাশনে মডেল মসজিদের ছাদ থেকে নিচে পড়ে মো. ইয়ামিন (১৪) নামের এক মাত্রাশা শিক্ষার্থীর মৃত্যু হয়েছে। মঙ্গলবার (১৫ সেপ্টেম্বর) সন্ধ্যা সাড় ছয়টার দিকে পৌর শহরের মডেল মসজিদে এই দুর্ঘটনা ঘটে। নিহত ইয়ামিন উপজেলার উত্তর মাত্রাজ ওয়াহেদিয়া আলিম মাদ্রাসার অষ্টম শ্রেণির শিক্ষার্থী ছিল। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, মাগরিবের নামাজের পর ইয়ামিনসহ ২ এর পাতায় দেখুন

কীর্তনখোলা ডেস্ক
মস্কা ও মদিনার নিরাপত্তাকে সব ধরনের রাজনৈতিক বিরোধ ও সংঘাতের ঊর্ধ্বে রাখার আহ্বান জানিয়েছেন ইসলামী আন্দোলন বাংলাদেশের আমির ও চরমোনাই পীর মুফতি সৈয়দ মুহাম্মাদ রেজাউল করীম। তিনি বলেছেন, হারামাইন তথা মস্কা ও মদিনা বিশ্বের শতকোটি মুসলমানের প্রাণস্পন্দন ও চূড়ান্ত সীমারেখা। মস্কা ও মদিনা কোনো রাষ্ট্রীয় রাজনীতির বিষয় নয়। ফলে পবিত্র দুই নগরীর নিরাপত্তাকে সব রাজনৈতিক বিরোধ ও সংঘাতের ঊর্ধ্বে রাখতে হবে।

বুধবার (১৬ সেপ্টেম্বর) এক বিবৃতিতে এসব কথা বলেন চরমোনাই পীর। মস্কা ও মদিনা অঞ্চলের নিরাপত্তা বিস্তৃত হওয়ার সংবাদে উদ্বেগ প্রকাশ করে তিনি বলেন, মস্কা-মদিনায় যখন সত্তরতামূলক সাইরেন বেজেছে, তখন গোটা মুসলিম উম্মাহ থমকে গিয়েছিল। হারামাইন তথা মস্কা ও মদিনা বিশ্বের শতকোটি মুসলিমের প্রাণের স্পন্দন। এটি আমাদের চূড়ান্ত সীমারেখা। মস্কা ও মদিনা ২ এর পাতায় দেখুন

শত শত শিক্ষকের শিক্ষক, সক্ষম বাঙালি প্রখ্যাত বাংলা ভাষাপণ্ডিত ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি ব্রহ্মচর্য কলেজ, বাংলা বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মন্ত্রণা শিক্ষাবোর্ডের সাবেক পদীক্ষা নিয়ন্ত্রক

অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা



উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির

বাংলা ব্যাকরণ ও নির্মিতি

বইটি অনন্য

বইটি প্রস্তুতকারকের ভিত্তিতে সচিব, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নথর প্রাপ্তিতে সহায়ক সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র: বিষয়ের প্রধান পদীক্ষক, সরকারি আটগলবাড়ী কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা

পথিক মোস্তফা (এমফিল, ইবি)

বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:

01718246162, 01712189338, 01712926836

গদ্য প্রকাশন, বরিশাল

বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিলা সদর কোর্ট, বরিশাল 01932-314219	ইসলামিয়া লাইব্রেরি কারাগারের পাশে কোর্ট, বরিশাল 01711-264963	অংকুর লাইব্রেরি সদর কোর্ট, বরিশাল 01708-868515	অংকুর লাইব্রেরি সদর কোর্ট, বরিশাল 01708-868514
খন্দকার লাইব্রেরি সদর কোর্ট, বরিশাল 01711-047767	নিউ মাহবুব লাইব্রেরি সদর কোর্ট, বরিশাল 01763-107720	রহমান বুক হাউজ কারাগারের পাশে কোর্ট, বরিশাল 01718-670945	মজুমদার লাইব্রেরি সদর কোর্ট, বরিশাল 01716-139268
অমৃত লাইব্রেরি হাট পাশে ও কারাগারের পাশে, বরিশাল 01719-408049	নিউ কলেজ লাইব্রেরি বিএম কলেজের পাশে, বরিশাল 01726-074663	হক লাইব্রেরি বিএম কলেজের পাশে, বরিশাল 01724-851658	আশরাফিয়া লাইব্রেরি বিএম কলেজের পাশে, বরিশাল 01717-468083



জামিন না পেয়ে আদালতকক্ষে বিচারককে গালি পুলিশকে মারধরের অভিযোগ

বরগুণা প্রতিনিধি
বরগুণায় জামিন আবেদন নামঞ্জুর হওয়ার পর আদালতকক্ষে বিচারককে গালি ও দায়িত্বে থাকা এক পুলিশ সদস্যকে মারধরের অভিযোগ উঠেছে এক আসামির বিরুদ্ধে। ঘটনার পর আদালত তত্ত্বাবধিকারকে বশির নামের ওই আসামিকে এক বছরের বিনাশ্রম কারাদণ্ড দিয়েছেন। একই সঙ্গে তাকে এক হাজার টাকা জরিমানা ও অনাদায়ে আরও ১৫ দিনের বিনাশ্রম কারাদণ্ড দেওয়া হয়। বুধবার দুপুরে বরগুণা সদর আমলি আদালতে একটি সিনার মামলার তদানীন্তন সময় এ ঘটনা ঘটে। বরগুণার অতিরিক্ত চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আবদুজ্জামান এ সাজা দেন। আদালতের অতিরিক্ত পাবলিক প্রসিকিউটর (এপিপি) আডভোকেট মো. কামরুল ইসলাম ফরাজি জানান, একটি মামলায় অস্বার্থী জামিনে থাকা বশিরের জামিনের আবেদন নামঞ্জুর করেন বিচারক। এতে ক্ষুব্ধ হয়ে তিনি এজলাসে উত্তেজিত আচরণ শুরু করেন এবং বিচারকের উদ্দেশে অশালীল মন্তব্য করেন। উপস্থিত আইনজীবীরা তাকে ২ এর পাতায় দেখুন

দৈনিক

কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যিক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য বালকাঠি জেলা: নলছিটি, রাজাপুর, পটুয়াখালী জেলা: তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, পিরোজপুর জেলা: নাগরপুর, নেছারাবাদ ও বরিশাল জেলা: উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আবশ্যিক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

—মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

মম্মাদকীয় আসছে ইউপি নির্বাচন

আনুষ্ঠানিক ঘোষণার আগেই বেশ কিছুদিন থেকে দেশের গ্রামেগঞ্জে ইউনিয়ন পরিষদ (ইউপি) নির্বাচনের হাওয়া বইছে। কোনো কোনো প্রার্থী নিজের প্রচারও জোর কদমে শুরু করেছেন। ইউনিয়ন পরিষদগুলোয় নিজেদের প্রভাববলয় তৈরি করতে দেশের রাজনৈতিক দলগুলো হিসাব-নিকাশ করছে। এমন প্রেক্ষাপটে গত সোমবার নির্বাচন কমিশনার ব্রিগেডিয়ার জেনারেল (অব.) আবুল ফজল মো. সানাউল্লাহ সাংবাদিকদের সামনে ইউপি নির্বাচনের রোডম্যাপ তুলে ধরেন। দেশের বেশির ভাগ সংবাদমাধ্যম খবরটি গুরুত্বের সঙ্গে প্রচার করেছে। খবরে বলা হয়, আসন্ন ইউপি নির্বাচন নিয়ে গত সোমবার একটি প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়। সভা শেষে নির্বাচন কমিশনার জানান, আসন্ন নির্বাচন নিয়ে কিছু প্রাথমিক সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তবে এগুলো চূড়ান্ত কিছু নয়। প্রাথমিক সিদ্ধান্ত অনুযায়ী, ইউপি নির্বাচন শুরু হতে যাচ্ছে ১২ নভেম্বর। প্রথম ধাপেই ৮০টি উপজেলার ইউপিগুলোর নির্বাচন হবে। ঠাকুরগাঁও জেলা বাদে দেশের ৬৩ জেলার সদর বা কাছাকাছি উপজেলার ইউপিগুলো প্রথম ধাপের নির্বাচনের জন্য বেছে নেওয়া হবে। মোট সাত ধাপে নির্বাচনের দ্বিতীয় ধাপে ১৩ ডিসেম্বর, তৃতীয় ধাপে ৩৩ ডিসেম্বর, চতুর্থ ধাপে ২০২৭ সালের ১৭ জানুয়ারি, পঞ্চম ধাপে ৪ ফেব্রুয়ারি, ষষ্ঠ ধাপে ২২ এপ্রিল, সপ্তম ধাপে ২৭ মে ভোজিহসের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। নির্বাচন কমিশন সচিব আশরাফ আহমেদ মঙ্গলবার সাংবাদিকদের বলেছেন, আশামীকাল বৃহস্পতিবার আন্ত মন্ত্রণালয় বৈঠক শেষে ভোটের তারিখ চূড়ান্ত করা হবে। ইউপি নির্বাচন হলো তৃণমূল পর্যায়ে গণতন্ত্রচর্চার গুরুত্বপূর্ণ ভিত্তি। একই সঙ্গে গ্রামীণ উন্নয়ন, স্থানীয় বিচারব্যবস্থা পরিচালনা এবং সাধারণ মানুষের দোরকাণ্ডায় নাগরিক সেবা পৌঁছে দিতে ইউনিয়ন পরিষদের বিকল্প নেই। এ ছাড়া ইউনিয়ন পরিষদের স্কেয়ারম্যান-মেম্বারদের সঙ্গে জনগণের নিত্য উঠাবাদ থাকে। সংগত কারণে এ নির্বাচন ঘিরে সাধারণ মানুষের আগ্রহ থাকে ভূসে। কিন্তু পরিচাপের বিষয় হলো, অতীতে অন্যান্য নির্বাচনের মতো ইউনিয়ন পরিষদ নির্বাচনও প্রশ্রবিক্স হয়েছে। সবার সমান অংশগ্রহণের সুযোগ ছিল না। নির্বাচনী পরিবেশ নিয়ে নাগরিক সমাজে অসন্তোষ ছিল। ২০২১-২২ সালে অনুষ্ঠিত সর্বশেষ ইউপি নির্বাচনে দেখা গেছে, বিনা ভোটে জনপ্রতিনিধি হওয়ার নতুন রেকর্ড তৈরি হয়েছে। আশার কথা হলো, এয়োদশ সংসদ নির্বাচনের মধ্য দিয়ে দেশে গণতন্ত্রের প্রাণ সঞ্চার হয়েছে। বিএনপি নেতৃত্বাধীন সরকার গঠনের প্রথম বছরেই স্থানীয় সরকার নির্বাচনের উদ্যোগ নেওয়া হয়েছে। পর্যবেক্ষকরা বলছেন, সংসদ নির্বাচনের মতো ইউনিয়ন পরিষদ নির্বাচনেও শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখাই বড় চ্যালেঞ্জ। একই সুরে কথা বলেন নির্বাচন কমিশনার আব্দুর রহমানুল মাহুউদ। সম্প্রতি তাঁর কাছে জানতে চাওয়া হয়েছিল, ইউপি নির্বাচনে বড় চ্যালেঞ্জ কী? জবাবে তিনি বলেন, ‘রক্তপাত এড়ানো। আমরা একাধিক ধাপে নির্বাচন করব। প্রথম ধাপের নির্বাচনে সহিংসতা ও অনিয়ম কিছু হবে। পথের পরবর্তী ধাপে প্রতিকারমূলক প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে’।

স্থানীয় নির্বাচন নিরপেক্ষ

সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার বলেন, সরকারের উদ্দেশ্যেই এটি পরিচালিত হচ্ছে। তার দাবি, বর্তমান পরিস্থিতিতে ইসির অধীনে নিরপেক্ষ স্থানীয় সরকার নির্বাচন আয়োজন সম্ভব নয়। বুধবার (১৬ সেপ্টেম্বর) জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় কার্যালয়ে স্থানীয় সরকার নির্বাচন নিয়ে আয়োজিত সংবাদ অভিযোগে তিনি এসব কথা বলেন। মিয়া গোলাম পরওয়ার অভিযোগ করেন বলেন, সরকার বিরোধী দলগুলোকে নির্বাচন বর্জনের দিকে ঠেলে দিচ্ছে। একইসঙ্গে নির্বাচন কমিশনকে স্বাধীনভাবে কাজ করতে দেওয়া হচ্ছে না বলেও দাবি করেন তিনি। স্থানীয় সরকার ব্যবস্থায় দলীয়করণের অভিযোগ তুলে জামায়াতেই এই নেতা বলেন, বিভিন্ন জায়গায় প্রশাসক নিয়োগের মাধ্যমে সরকার নিজেদের দলের লোকদের বসিয়েছে। তার ভাষ্য, এ ধরনের পরিস্থিতিতে সবার জন্য সমান সুযোগ নিশ্চিত করে নিরপেক্ষ নির্বাচন আয়োজন কঠিন। এ সময় স্থানীয় সরকার নির্বাচন নিয়ে আটটি দাবি তুলে ধরেন মিয়া গোলাম পরওয়ার। তিনি বলেন, নির্বাচন বিলম্বিত করার কোনো অজুহাত গ্রহণ করা হবে না। সব প্রার্থীর জন্য পর্যাপ্ত সময় ও সুযোগ, নিরাপদ পরিবেশ এবং ‘লেভেল প্রেয়িং ফিল্ড’ নিশ্চিত করতে হবে। তিনি আরও বলেন, নির্বাচনে প্রশাসন ও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে কোনো রাজনৈতিক স্বার্থে ব্যবহার করা যাবে না। নির্বাচন কমিশনকে স্বাধীনভাবে দায়িত্ব পালনেই সুযোগ দিতে হবে বলেও দাবি জানান তিনি। এর আগে স্থানীয় সরকার নির্বাচন নিয়ে নির্বাচন কমিশনের সঙ্গে বৈঠক করে জামায়াতে ইসলামী কয়েক দফা দাবি জানিয়েছিল। দলটির পক্ষ থেকে প্রশাসকদের নির্বাচনে অযোগ্য ঘোষণা, এমপিওভুক্ত শিক্ষক-কর্মকর্তাদের নির্বাচনে অংশগ্রহণের সুযোগসহ বিভিন্ন দাবি জানানো হয়। অন্যদিকে নির্বাচন কমিশন জানিয়েছে, স্থানীয় সরকার নির্বাচন আয়োজনের প্রস্তুতি চলছে। ইপি সচিবের সাম্প্রতিক বক্তব্য অনুযায়ী, প্রাথমিকভাবে কয়েক ধাপে নির্বাচন আয়োজনের একটি সময়সূচি নিয়ে আলোচনা হয়েছে।

ফ্যাসিবাদীদের প্রোপাগান্ডাকে গ্রহণ

আসিফ মাহমুদ সজীব ভূঁইয়ার বিরুদ্ধে আওয়ামী লীগের প্রোপাগান্ডা সেল থেকে প্রচারিত গুজবকে অভিযোগ হিসেবে গ্রহণের মধ্য দিয়ে দুর্নীতি দমন কমিশনের (দুদক) পেশাদারিত্ব, দক্ষতা ও নিরপেক্ষতা নিয়ে গুরুতর প্রশ্নের সৃষ্টি হয়েছে। এই ঘটনা দুদকের আমূল সংস্কারের প্রয়োজনীয়তাকে আরও জোরালো করেছে। মঙ্গলবার (১৫ সেপ্টেম্বর) রাতে নাহিদ ইসলাম তাঁর ডেরিকায়ডে ফেসবুক পেজে প্রকাশিত এক বিবৃতিতে এসব কথা বলেন। এনসিপি আহ্বায়ক বলেন, পতিত আওয়ামী ফ্যাসিবাদের দোসরদের সাত মাস আগে ছড়ানো গুজব ও রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত প্রোপাগান্ডাকে ছব্বছ অভিযোগ হিসেবে গ্রহণের মধ্য দিয়ে এটি স্পষ্ট হয়েছে যে, গণঅভ্যুত্থানের শীর্ষ নেতাদের চরিত্রহনন ও রাজনৈতিকভাবে হেয় করার জন্য দুদককে আবারও ফ্যাসিবাদী আমলের মতো রাজনৈতিক হাতিয়ার হিসেবে ব্যবহারের উদ্যোগ নেওয়া হয়েছে। এর মধ্য দিয়ে শৈরচাচার শেখ হাসিনার শাসনামলে দুদককে ব্যবহার করে বিএনপির তৎকালীন স্কেয়ারপারসন বেগম খালেদা জিয়াসহ বিরোধী রাজনৈতিক দলের নেতৃবৃন্দকে নিয়মিত হয়রানির পুরানুবৃত্তি দেখা যাচ্ছে। এ কারণেই জুলাই বিপ্লব-পরবর্তী সময়ে রাষ্ট্রের অন্যান্য প্রতিষ্ঠানের মতো দুদকেরও আমূল সংস্কারের দাবি উঠেছিল। একটি সভাকারের স্বাধীন, নিরপেক্ষ ও কার্যকর দুর্নীতি দমন কমিশন প্রতিষ্ঠার বিষয়ে রাজনৈতিক দলগুলো জুলাই সনদে ঐকমত্যে পৌঁছেছিল। কিন্তু জুলাই সনদের নিরীহত প্রক্রিয়াকে পাশ কাটিয়ে এবং সর্ঘর্ষহীন লঙ্ঘন করে একজন বিতর্কিত ব্যক্তিকে দুদকে পরচরম্যান হিসেবে নিয়োগ দেওয়ার মধ্য দিয়ে সেই সংস্কারের প্রতিশ্রুতিও সরকার উপেক্ষা করেছে। জুলাই সনদের আলোকে দুদক পুনর্গঠন না করে এ ধরনের নিয়োগের উদ্দেশ্য এখন ক্রমেই স্পষ্ট হয়ে উঠছে বলে উল্লেখ করেন নাহিদ ইসলাম। তিনি বলেন, দুদককে দলীয়করণের মাধ্যমে বিরোধী রাজনৈতিক শক্তিকে হয়রানি ও দমন করার একটি শক্তিশালী হাতিয়ার হিসেবে ব্যবহারের পুরোনো পথেই যেন ফিরিয়ে নেওয়া হচ্ছে প্রতিষ্ঠানটিকে। জুলাই সনদে ঘোষিত প্রক্রিয়ায় পুনর্গঠিত একটি স্বাধীন ও নিরপেক্ষ

দুর্নীতি দমন কমিশন গঠন করা হলে, যেকোনো অভিযোগের মুখোমুখি হতে এবং সৃষ্ট ও নিরপেক্ষ তদন্তে জাতীয় নাগরিক পাটি পূর্ণ সহযোগিতা করতে প্রস্তুত। কিন্তু অসাবিধানিক প্রক্রিয়ায় গঠিত এবং দলীয়করণের শিকার একটি কমিশনকে বিরোধী দল ও রাজনৈতিক প্রতিপক্ষ দমনের হাতিয়ার হিসেবে ব্যবহার করা হলে তা আমরা কখনোই মেনে নেব না। অবিলম্বে ষড়যন্ত্রমূলক ও রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত হয়রানি বন্ধের দাবি জানান নাহিদ ইসলাম। একই সঙ্গে তিনি জুলাই সনদের ‘স্পিরিট’ (চেতনা) ও ঘোষিত সংস্কার প্রক্রিয়া অনুসরণ করে একটি স্বাধীন, স্বায়ত্তশাসিত, নিরপেক্ষ ও কার্যকর দুর্নীতি দমন কমিশন পুনর্গঠনের দাবি তুলে ধরেন।

শিক্ষার্থীরা এআই প্রশিক্ষিত

ছাত্র-ছাত্রীদের আমরা যদি এআই প্রশিক্ষিত না করতে পারি, তাহলে আমাদের ভবিষ্যৎ অন্ধকার হবে। নিজের ভবিষ্যৎ নিজেকেই গড়তে হবে।’ বুধবার জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ছাত্রদল কর্তৃক আয়োজিত নবীনবরণ অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী এসব কথা বলেন। শিক্ষামন্ত্রী বলেন, সরকার শিক্ষা খাতে বরাদ্দ বৃদ্ধি করেছে। আগামী বছর থেকে সারা দেশে প্রথম থেকে পঞ্চম শ্রেণির ১ কোটি ১২ লাখ শিশুকে স্কুল স্রেস দেওয়া হবে। পঢ়ার যাটটি পুরণে দেওয়া হচ্ছে মিড ডে মিল। ৭২০২৮ সালের মধ্যে যুগোপযোগী শিক্ষা কারিকুলাম করার বিষয়ে সরকার কাজ করছে বলেও জানান তিনি। এ সময় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন দাবি-দাওয়া খতিয়ে দেখার পাশাপাশি শিক্ষার্থীদের জন্য জিনিেসিয়াম তৈরি করার উদ্দেশ্যেও জোর দেন শিক্ষামন্ত্রী। ৭৭নবীন শিক্ষার্থীদের উদ্দেশে শিক্ষামন্ত্রী বলেন, ‘প্রিয় নবীনরা; তোমাদের দিকে দেশ তাকিয়ে আছে। আগামীর বাংলাদেশ গড়তে হলে তোমাদের মেধাকে কাজে লাগাতে হবে। এই ফিফথ (পঞ্চম) জেনারেশন অব ইভান্স্ট্রিয়ালাইজেশনে যদি যেতে হয়, ন্যানোটেকনোলজিতে যেতে হয়, রোবোটিক্স দিয়ে যদি কাজ করতে হয়, এআই দিয়ে কাজ করতে হবে।’ অনুষ্ঠানে জবি ছাত্রদলের আহ্বায়ক মেহেদী হাসান হিমেলের সভাপতিত্বে উপস্থিত ছিলেন-উপাচার্য অধ্যাপক ড. মো. রইছ উদ্দীন, মাদারীপুর-৩ আসনের সংসদ সদস্য আফি়র রহমান তালুকদার, ছাত্রদলের কেন্দ্রীয় সভাপতি রাকিবুল ইসলাম রাকিব, ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. মোহাফ্জুল হোসেন, জাহাঙ্গীর বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপক শামীমা সুলতানা, জবির ট্রেজারারসহ বিভিন্ন বিভাগের শিক্ষক, শিক্ষার্থী এবং শাখা ছাত্রদের নেতা-কর্মীরা উপস্থিত ছিলেন।

গুরুতর অপরাধের মূলে মাদক

মূল কারণ। বুধবার (১৬ সেপ্টেম্বর) দুপুরে বাংলাদেশ ক্রাইম রিপোর্টার্স অ্যাসোসিয়েশনের (ক্রাাব) ৪৩তম প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। তিনি বলেন, অপরাধের পর শুধু গ্রেফতার, বিচার ও শাস্তি দিলেই এটা পুরোপুরি নিয়ন্ত্রণ করা সম্ভব নয়। অপরাধ কেন সংঘটিত হচ্ছে, তার মূল কারণ খুঁজে বের করে তা মোকাবিলা করতে হবে। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, সমাজকে বিশ্লেষণ ও গবেষণা করে দেখতে হবে কেন অপরাধ সংঘটিত হচ্ছে। অনেক গুরুতর অপরাধের পেছনে মাদকাসক্তি ও জুয়ার সংশ্লিষ্টতা পাওয়া যায়। তিনি বলেন, অপরাধ হচ্ছে একটা উপসর্গ। এর মূল কারণ চিহ্নিত করে সেখানে ব্যবস্থা নিতে পারলে অপরাধের হার কমানো সম্ভব। জয়া ও মাদকের বিস্তার নিয়ন্ত্রণে আনা গেলে এর সঙ্গে সংশ্লিষ্ট অন্যান্য অপরাধও কমানো সম্ভব হতে পারে বলে জানান তিনি। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, অপরাধ সংশ্লিষ্ট প্রতিবেদন করতে গিয়ে কোনও সাংবাদিক ক্ষতিগ্রস্ত বা আহত হলে তাদের সহযোগিতার জন্য সরকারের পক্ষ থেকে বা সিএআর প্রকল্পের মাধ্যমে সহায়তার ব্যবস্থা করার চেষ্টা করা হবে। তিনি বলেন, ক্রাইম রিপোর্টার্সদের কাজের ধরন অন্য অনেক বিটের সাংবাদিকদের চেয়ে আলাদা। এটি অনেকেই অনুমোদনী সাংবাদিকতার অংশ এবং এ ধরনের সাংবাদিকতায় ঝুঁকিও রয়েছে। ক্রাইম রিপোর্টার্সদের ক্ষেত্রটা আলাদা। এটা ইনভেস্টিগেটিভ জার্নালিজমের একটা পার্ট। অপরাধের ধরন পরিবর্তনের সঙ্গে সঙ্গে সাংবাদিকদেরও প্রযুক্তি ও নতুন ধরনের অপরাধ সম্পর্কে দক্ষতা বাড়াতে হবে। সাইবার অপরাধ মোকাবিলায় ইউনিট গঠনের কথা জানিয়ে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, বর্তমানে অপরাধের ধরন দ্রুত পরিবর্তিত হচ্ছে। ডিজিটাল ও সাইবার স্পেসে অপরাধের বিস্তার বাড়ায় অপরাধ শনাক্তকরণে ইলেক্ট্রনিক ডিভাইসের ফরেনসিক পরীক্ষা ও তথ্য বিশ্লেষণ বড়ত্বপূর্ণ হয়ে উঠেছে। তিনি জানান, পুলিশের সক্ষমতা বাড়াতো শিগিরি আধুনিক সাইবার সিকিউরিটি ইউনিট গঠনের উদ্যোগ নেওয়া হচ্ছে। পুলিশ সদর দফতর, ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি) এবং বিভাগীয় পর্যায়ে আধুনিক সাইবার সিকিউরিটি ইউনিট ও ল্যাব স্থাপনের পরিকল্পনা রয়েছে। সেই সঙ্গে জেলা পর্যায়েও সাইবার সিকিউরিটি ইউনিট গঠনের পরিকল্পনা রয়েছে। থানা ও উপজেলা পর্যায়েও এ বিষয়ে দায়িত্বশীল কর্মকর্তা রাখার কথা বলে মন্ত্রী। অনলাইন ও সাইবার স্পেসে জুয়ার বিস্তারের উদাহরণ দিয়ে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, পুরোনো আইনের পাশাপাশি সময়ের চাহিদা অনুযায়ী নতুন আইন প্রণয়ন ও বিশদমান আইন সংশোধনের প্রয়োজন রয়েছে। স্বরাষ্ট্রমন্ত্রী আরও বলেন, কোনও অপরাধের ক্ষেত্রে আইন দুর্বল হলে আমানিকে গ্রেফতার করার পরও দ্রুত জামিন বা মুক্তির সুযোগ তৈরি হতে পারে। তাই অপরাধের ধরন ও সমাজের চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় আইন সংস্কার করতে হবে।

আদালতক্ষেে বিচারককে গালি

নিবৃত্ত করার চেষ্টা করেও পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পারেননি। পরে দিয়াকৃত্ত পালনরত পুলিশ সদস্যরা বশিরকে হাতকড়া পরানোর চেষ্টা করলে তিনি কনস্টেবল সিদ্দিকের ওপর হামলা চালান বলে জানান এএসপি। বিচারকদের উপস্থিতিতেই এই পুলিশ সদস্যকে মারধর করা হয়। ঘটনার পর আদালত দপ্তরবির ১৬৬ ও ৩২৩ ধায়ে মামলা আমলে নেন। তাৎক্ষণিকভাবে সাক্ষ্য নেওয়া শেষে আদালত বশিরকে এক বছরের বিনাপ্রশ্রম কারাদণ্ড ও এক হাজার টাকা জরিমানা করেন। জরিমানার অর্থ পরিশোধ না করলে তাঁকে আরও ১৫ দিনের বিনাপ্রশ্রম কারাদণ্ড ভোগ করতে হবে। পরে সাজা পরোয়ানার মাধ্যমে তাঁকে কারাগারে পাঠানো হয়। বরগুনার পাবলিক প্রসিকিউটর (পিপি) আব্রডভোকেট মো. নূরুল আমিন ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, আদালতের প্রতি সবার আস্থা ও সম্মান থাকা উচিত। আদালতে বশিরের আচরণ কোনোভাবেই গ্রহণযোগ্য নয়।

মক্কা-মদিনার নিরাপত্তাকে সব রাজনৈতিক

সব রাষ্ট্র-রাজনীতির উপরেই থাকবে। চরমোনাই পীর বলেন, স্বস্তির বিষয় হলো, হুজিরের পক্ষ থেকে মক্কা-মদিনার নিরাপত্তার প্রতি কোনো ধরনের হুমকি সৃষ্টি না করার বার্তা পাওয়া গেছে। এই অবস্থানের ওপর তাদের উল্লেখ থাকতে হবে। একই সঙ্গে সৌদি সরকারের প্রতিও আহ্বান জানিয়ে তিনি বলেন, যেহেতু ইসলামের প্রধান দুই পবিত্র স্থানের রক্ষাব্যবস্থাকে দায়িত্ব সৌদি সরকার পালন করছে, সেহেতু এমন কোনো রাজনৈতিক বিরোধে জড়িয়ে পড়া উচিত নয়, যাতে পবিত্র দুই শহরের প্রতি কোনো ধরনের হুমকি তৈরি হয়। তিনি আরও বলেন, শুধু নিরাপত্তা নিশ্চিত করাই নয়, মক্কা-মদিনা ও জাজিরাতুল আরবের শান ও মর্যাদা রক্ষা করণও সৌদি সরকারের দায়িত্ব। হারামাইনের নিরাপত্তার সঙ্গে নিজেদের সংযুক্ত করে ইসলামী আদোলন বাংলাদেশের আমির বলেন, হারামাইনের নিরাপত্তার প্রশ্নে আমরা, বাংলাদেশের জনগণ আপনাদের পাশে আছি এবং থাকবো।

বরিশাল ঁ বৃহস্পতিবার ঁ ১৭ সেপ্টেম্বর ২০২৬ ঁ ০৪ অক্টিন ১৪৩৩

চরফ্যাশনে মসজিদের ছাদ

কয়েকজন শিক্ষার্থী মডেল মসজিদের ছাদে ওঠে। ছাদে দৌড়াদৌড়ির একপর্যায়ে অসাবধানতাবশত তাদের একজনের জুতা নিচে পড়ে যায়। নিচে পড়া জুতা দেখতে গিয়ে ইয়ামিন ভারসাম্য হারিয়ে ছাদ থেকে নিচে পড়ে গুরুতর আহত হয়। উদ্ধার করে হাসপাতালে নেওয়ার পথে তার মৃত্যু হয়। চরফ্যাশন থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মাহমুদ আল ফরিদ ভূঁইয়া জানান, প্রাথমিক তদন্তে ঘটনাটি দুর্ঘটনাবশত বলেই মনে হচ্ছে। বিস্তারিত জিজ্ঞাসাবাদের জন্য নিহতের সঙ্গে থাকা চার সহপাঠীকে থানায় আনা হয়েছে। তদন্ত সাপেক্ষে পরবর্তী আইনি ব্যবস্থা নেওয়া হবে।

বরিশাল নগরীর পরিচ্ছন্নতায় নতুন গতি

প্রশংসা করেন তিনি। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বরিশাল সিটি কর্পোরেশনের সচিব রুক্ষা শিকদার, প্রধান প্রকৌশলী মো. হুমায়ুন কবির, তত্ত্বাবধায়ক প্রকৌশলী মো. আবুল বাশার, পরিচ্ছন্নতা কর্মকর্তা ইউসুফ আলী ও মাহবুবুর রহমান। ওয়ার্ড ভিশনের পক্ষ থেকে উপস্থিত ছিলেন বরিশাল অঞ্চলের উর্ধ্বতন ব্যবস্থাপক টিফেন হালদার রুভেন, প্রোগ্রাম অফিসারসহ বিভিন্ন ওয়ার্ডের সাধারণ সদস্যরা। সিটি কর্পোরেশন কর্তৃপক্ষ জানায়, ওয়ার্ড ভিশনের দেওয়া আধুনিক পরিচ্ছন্নতা উপকরণ ও বর্জ্য পরিবহনের বস্ত্র ভ্যানগুলো নগরীর বর্জ্য ব্যবস্থাপনা ও পরিচ্ছন্নতা কার্যক্রমকে আরও গতিশীল করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। এর মাধ্যমে নগরীর বিভিন্ন এলাকায় বর্জ্য সঞ্চিত ও পরিবহন কার্যক্রমে আরও গতি আসবে বলে আশা করা হচ্ছে।

ডেঙ্গুতে আরও ৭ জনের

ঢাকার উত্তর সিটি কর্পোরেশন এলাকার হাসপাতালগুলোতে ১৭৫ জন এবং দক্ষিণ সিটি কর্পোরেশন এলাকার হাসপাতালগুলোতে ১৭৪ জন নতুন রোগী ভর্তি হয়েছে। ঢাকা সিটি কর্পোরেশনের বাইরের এলাকাগুলোতে ভর্তি হয়েছে ৩৯৪ জন। ঢাকার বাইরে অন্যান্য বিভাগের মধ্যে খুলনা বিভাগে সর্বশেষ ৩৪৯ জন ডেঙ্গু রোগী হাসপাতালে ভর্তি হয়েছে। এ ছাড়া বরিশাল বিভাগে ১৮৬, চট্টগ্রাম বিভাগে ১৭৭, রাজশাহী বিভাগে ১৫৩, ময়মনসিংহ বিভাগে ৮৩, রংপুর বিভাগে ৫৩ এবং সিলেট বিভাগে ৯ জন নতুন রোগী ভর্তি হয়েছে। স্বাস্থ্য অধিদপ্তরের উপাড অনুযায়ী, চলতি বছরের ১ জানুয়ারি থেকে ১৬ সেপ্টেম্বর পর্যন্ত সারা দেশে ডেঙ্গু নিয়ে মোট ৫৬ হাজার ৯১৬ জন হাসপাতালে ভর্তি হয়েছে। তাদের মধ্যে চিকিৎসা শেষে ৫২ হাজার ৫৭৯ জন সুস্থ হয়ে হাসপাতাল ছেড়েছে।

দুর্নীতির বিরুদ্ধে সরকারের অবস্থান

দুর্নীতির বিরুদ্ধে সরকারের অবস্থান কঠোর এবং এ বিষয়ে কোনো ছাড় দেওয়া হবে না। আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে প্রতিক্রমী আহমদ নোহেল মনজুর বলেন, ‘বর্তমানে দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতি ভালো রয়েছে। মাদকের বিরুদ্ধে সরকারের অবস্থানও কঠোর। ইতোমধ্যে পিরোজপুর ও বালকাঠি জেলায় মাদক নিয়ন্ত্রণ ও আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে সভা করা হয়েছে। পর্যায়ক্রমে দেশের সব কর্তৃি জেলায় আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে সভা করা হবে। মাদক নিয়ন্ত্রণে প্রশাসনসহ সংশ্লিষ্ট সবাই সম্মতিভাবে কাজ করছে।’ এসময় মাদক, সন্ত্রাস এবং দুর্নীতি প্রতিরোধে গণমাধ্যমসহ সবার সহযোগিতা কামনা করেন তিনি। উদ্যোগন শেষে প্রতিক্রমী বন্দর থানা পরিদর্শন করেন। এসময় বরিশাল মেট্রোপলিটন পুলিশ কমিশনার আবু রায়হান মো. সালেহ, বরিশাল জেলা ক্রীড়া সংস্থার সদস্য সচিব ও মহানগর স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক মশিউর রহমান মঞ্জুসহ মেট্রোপলিটন পুলিশের উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

আইনের শাসন নিশ্চিত

দলের উদ্যোগে আয়োজিত মানববন্ধন ও প্রতিবাদ সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। মুক্তিযোদ্ধা দলের সভাপতি ইশতিয়াক আজিজ উলহাফতের সভাপতিত্বে সভায় বক্তব্য দেন সংগঠনের সহসভাপতি কর্নেল (অব.) জয়নুল আদৌদীন, আনিসুজ্জামান শোকন, মেজর (অব.) মিজানসহ কেন্দ্রীয় নেতারা। এ সময় সংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন। রিজভী বলেন, ‘আপনারা (ভারত) আমাদের বন্ধু দেশ দাবি করেন, আমরাও বলি। কিন্তু কেমন বন্ধু আপনারা? যিনি একাত্তরের পর ১ হাজার ৪০০ তরণ-কিশোর, ছাত্র-জনতা ও শ্রমিকের রক্ত পান করেছেন, সেই রক্তপিপাসু শেখ হাসিনাকে আপনারা আশ্রয় দিয়েছেন।’ তিনি বলেন, শেখ হাসিনার সঙ্গে যারা গণতন্ত্রকামী মানুষের ওপর গুলি চালিয়েছে এবং গণহত্যা চালিয়েছে, তারাও ভারতে পালিয়ে রয়েছে। আওয়াজের পরোয়ানা অনুযায়ী বাংলাদেশ সরকার তাদের বারবার ক্ষেত চাইলেও ভারত তা করছেন না। ভারতের ভূমিকা নিয়ে প্রশ্ন তুলে রিজভী বলেন, ‘আপনারা যদি শেখ মুজিবের হত্যাকারকে অভিযুক্ত এক সাবেক মেজরকে ধরে শেখ হাসিনার কাছে হস্তান্তর করতে পারেন, তাহলে ১ হাজার ৪০০ মানুষ হত্যার জন্য অভিযুক্ত শেখ হাসিনাকে কেন হস্তান্তর করছেন না? এতে নিয়ে আপনাদের উদ্দেশ্য কী?’ তিনি আরও বলেন, ‘মুখে বন্ধুত্বের সুমধুর কথা বললেও ভেতরের ভেতরের শেখ হাসিনাকে কেন্দ্র করে আপনারা চমকোত্তর জাল বুনছেন।’ প্রধানমন্ত্রী তারেক রহমানের ব্রিকস সম্মেলনে অংশ না নেওয়ার প্রসঙ্গে রিজভী বলেন, একজন স্বাধীন ও সার্বভৌম দেশের প্রধানমন্ত্রী হিসেবে তারেক রহমানকে ব্রিকসে সরকারপ্রধান হিসেবে নয়, বরং বিমস্টেকের চেয়ারম্যান হিসেবে সাইডলাইনে বসার মতো করে আমন্ত্রণ জানানো হয়েছিল। তার ভাষ্য, একজন স্বাধীন দেশের প্রধানমন্ত্রী হিসেবে তারেক রহমান সেই আমন্ত্রণ প্রত্যাখ্যান করেছেন। এটি ব্যক্তিগত সিদ্ধান্ত নয়, বরং বাংলাদেশের সার্বভৌমত্ব ও মর্যাদা সমুন্নত রাখার প্রতীক। রিজভী বলেন, ‘প্রধানমন্ত্রী ব্রিকসে যাবেন না বলার পরের দিনই আদানি পাওয়ার প্রান্ত ঘোষণা দিল তাদের একটি ইউনিট নষ্ট হয়ে গেছে। এই সুইচ তো ভারতের বাড়ুখণ্ডে। তারা যখন ইচ্ছা বন্ধ করে। এই কূটকৌশল বোঝার জন্য ব্যারিস্টারি পাস বা পিএইচডি করতে হয় না, দেশের সাধারণ মানুষও তা বোঝে।’

বরিশালে ইলিশের সরবরাহ

(১৫ সেপ্টেম্বর) সেখানে বিক্রি হয়েছে প্রায় ১৬০ মণ। অর্থাৎ এক সত্তাহের ব্যবধানে সরবরাহ ঝিগুনেরও বেশি হয়েছে।' এ ধারা অব্যাহত থাকলে সামনে ইলিশের দাম আরও কমতে পারে বলে মনে করেন তিনি। তিনি জানান, সাতদিন আগে দেড় কেজির বেশি গুজনের ইলিশ প্রতি মণ এক লাখ ৫০ হাজার টাকা দরে বিক্রি হয়েছিল। মঙ্গলবার সেই মাছ বিক্রি হয়েছে এক লাখ ২০ হাজার টাকায়। একইভাবে, এক কেজি ২০০ গ্রাম থেকে দেড় কেজি গুজনের ইলিশের দাম এক লাখ ২৫ হাজার টাকা থেকে কমে হয়েছে এক লাখ পাঁচ হাজার টাকা। এছাড়া এক কেজি কমে এক কেজি ২০০ গ্রাম গুজনের ইলিশের মণ ছিল এক লাখ ১০ হাজার টাকা, যা এখন ৯৬ হাজার টাকা। ৭০০ থেকে ৯০০ গ্রামের মাছ ৯৯ হাজার থেকে কমে ৮০ হাজার, ৫০০ থেকে ৬০২ গ্রামের মাছ ৮৬ হাজার থেকে কমে ৭০ হাজার এবং ৪০০ থেকে ৫০০ গ্রামের ইলিশ ৬৫ হাজার থেকে কমে ৫০ হাজার টাকা মণ দরে বিক্রি হচ্ছে। আরও ছোট আকারের মাখে ৩০০ থেকে ৪০০ গ্রামের ইলিশের দাম ৫৫ হাজার টাকা থেকে কমে হয়েছে ৪০ হাজার টাকা। ২৫০ গ্রাম গুজনের ইলিশের মণপ্রতি দাম ৪২ হাজার টাকা থেকে কমে দাঁড়িয়েছে ৩০ হাজার টাকা। এর চেয়েও ছোট আকারের ইলিশের দাম ৩২ হাজার টাকা থেকে কমে হয়েছে ২০ হাজার টাকা মণ। জহির শিকদার বলেন, গত বছর ৪ অক্টোবর থেকে ইলিশ ধরা বন্ধ হয়েছিল।

এবার জেলে ও ব্যবসায়ীরা ৩০ অক্টোবর থেকে নিষেধাজ্ঞা দেওয়ার দাবি জানিয়েছেন। কারণ এখনো ইলিশের পেটে ডিম আসেনি। অক্টোবরের শেষ দিকে অভিন্যন শুরু হলে তখন ইলিশের সরবরাহ আরও বাড়তে পারে এবং প্রতি কেজির দাম অর্ধেকে নেমে আসার সম্ভাবনা রয়েছে। হিজলার জেলে জাহাঙ্গীর আলম বলেন, দীর্ঘদিন ধরে নদীতে ইলিশের সংকট ছিল। তবে গত চার-পাঁচ দিন ধরে জালে আগের তুলনায় বেশি ইলিশ ধরা পড়ছে। এখনো ইলিশের পেটে ডিম আসেনি। এ কারণে অক্টোবরের শেষ দিকে নিষেধাজ্ঞা দেওয়ার দাবি জানিয়েছেন তিনি। বরিশাল বিভাগীয় মৎস্য অধিদপ্তরের পরিচালক মো. কামরুল হাসান বলেন, ‘গত চার-পাঁচদিন ধরে বরিশালে পর্যাপ্ত ইলিশ পাওয়া যাচ্ছে। আগের তুলনায় মোকামগুলোতে প্রায় দ্বিগুণ ইলিশ যাচ্ছে। সরবরাহ বাড়ায় স্বাভাবিকভাবেই দাম কমেছে।' তিনি আরও বলেন, ‘নিষেধাজ্ঞার বিষয়ে বৈঠক চলছে, সেখানে ব্যবসায়ী ও জেলেনের দাবির বিষয়টি তুলে ধরা হবে। ইলিশের পেটে ডিম আসার পরই নিষেধাজ্ঞার বিষয়ে সিদ্ধান্ত নিশ্চিত করা হয়।' বিভাগীয় মৎস্য কর্মকর্তার কার্যালয়ে তথ্যানুযায়ী, বরিশাল বিভাগে ২০২১-২২ অর্থবছরে উৎপাদন হয়েছিল ৩ লাখ ৬৯ হাজার ৮৫১ মেট্রিক টন। ২০২২-২৩ অর্থবছরে উৎপাদন হয়েছিল ৩ লাখ ৭২ হাজার ৩৪৩ মেট্রিক টন। ২০২৩-২৪ অর্থবছরে উৎপাদন হয়েছিল ৩ লাখ ৪৮ হাজার ৮৩৪ মেট্রিক টন। ২০২৪-২৫ অর্থবছরে উৎপাদন হয়েছিল ৩ লাখ ৩৪ হাজার ৭৭৩ মেট্রিক টন। ২০২৫-২৬ অর্থবছরে উৎপাদন কমে দাঁড়িয়েছে ২ লাখ ৬৬ হাজার ৫৯৭ টনে। অর্থাৎ পাঁচ বছরের ব্যবধানে উৎপাদন কমেছে ১ লাখ ৩ হাজার ২৫৪ টন।

দেশে আ.লীগ আমলে ১৫৫ জন গুম

যেতে পারছেন অপরাধী যত ক্ষমতাসীল হোক না কেন তাদের আইনের আওতায় আনা হয়েছে। বিচারপ্রক্রিয়া চলছে। কোনো অপরাধ আইনের কাছে ত্যাদানি হয় না। তিনি প্রয়াতদের কবর জিয়ারত করে তাদের পরিবারের সদস্যদেরকে যৌথধরন নেন এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানান। এ সময় তিনি প্রয়াতদের ক্বহের মাগফিরাত কামনা করে দেয়া ও মোনাজাত করেন। পাশাপাশি শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের সঙ্গে কথা বলে তাদের প্রতি সহমর্মিতা প্রকাশ করেন। কবর জিয়ারতকালে উপজেলা বিএনপি ও স্থানীয় নেতাকর্মী এবং গণ্যমান্য ব্যক্তিতা উপস্থিত ছিলেন।

একনেকে ১ লাখ ৬৮ হাজার

অনুমোদিত প্রকল্পগুলোর মধ্যে সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের সর্বোচ্চ ৫টি প্রকল্প রয়েছে। এগুলো হলো-ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৫) : সাউদার্ন রুট, রাজশাহী সড়ক জোনের জেলা মহাসড়কসমূহ যথায় যথ্য মান ও প্রশস্ততায় উন্নীতকরণ, চট্টগ্রাম সড়ক জোনের জেলা মহাসড়কসমূহ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ (৩য় পর্যায়), ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-৫) : নর্দান রুট (১ম সংশোধিত) এবং ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-১) (১ম সংশোধিত) প্রকল্প। এছাড়া রেলপথ মন্ত্রণালয়ের দুটি প্রকল্প অনুমোদিত হয়েছে, যার মধ্যে রয়েছে নারায়ণগঞ্জ-ঢাকা-জয়দেবপুর সেকশনে ইলেক্ট্রিক ট্রাকসন চালুকরণ এবং বগুড়া থেকে সিরাজগঞ্জ পর্যন্ত নতুন ভূয়েলগেজ রেলপথ নির্মাণ (১ম সংশোধিত) প্রকল্প। রক্তক্ষা মন্ত্রণালয়ের অধীনে বরিশাল সেনানিবাস স্থাপন (২য় পর্যায়) ও খুলনা নৌ অঞ্চলে নৌ সদস্যদের আবাসন সুবিধাসহ অন্যান্য পরিকাঠামো নির্মাণ প্রকল্প এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের টেক্সটাইল ও চামড়া খাতের শ্রমিকদের কর্মপরিবেশ ও সামাজিক সুরক্ষা উন্নয়ন প্রকল্প অনুমোদন পরেয়েছে। পাশাপাশি খুলনা পরগনিাক্ষান ব্যবস্থা উন্নয়ন প্রকল্প (১ম সংশোধিত) প্রকল্প। মনুপুরা দ্বীপাঞ্চলে বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা অপারোডেশন ও সম্প্রসারণ (১ম সংশোধিত) প্রকল্পও চূড়ান্ত অনুমোদন লাভ করেছে। ৫০ কোটি টাকার কম ব্যয়ের ১৫ প্রকল্প একনেক বৈঠকে উপস্থাপন করা হয়। এসব প্রকল্পগুলো ৫০ কোটি টাকার কম ব্যয় সম্বলিত হওয়ায় এগুলো পরিকল্পনামন্ত্রী নিজস্ব ক্ষমতাবলে অনুমোদন করেছেন। পরিকল্পনামন্ত্রীর অনুমোদিত প্রকল্পগুলো একনেক বৈঠকে অবহিত করতে হয়। পরিকল্পনামন্ত্রীর অনুমোদিত প্রকল্পগুলো হচ্ছে, ভূমি ব্যবস্থাপনা অটোমেশন (২য় সংশোধিত), বাংলাদেশ রেলওয়ে সোসাইটিজ জাতীয় সদর দপ্তর নির্মাণ (১ম সংশোধিত), ভাসানচরে গ্রিন বেল্ট প্রতিষ্ঠা ও কক্সবাজারে রোহিঙ্গা প্রভাবিত এলাকায় পুনর্বাসন (১ম সংশোধিত), দেশি মুরগি গবেষণা, সংরক্ষণ ও উন্নয়ন জোয়ারদারকরণ এবং অর্থনৈতিক অঞ্চলসমূহে টেলিযোগাযোগ নেটওয়ার্ক স্থাপন (১ম পর্যায়) (১ম সংশোধিত) প্রকল্প। এছাড়া রংপুর জোনে ঝুঁকিপূর্ণ বৈলী ও অন্যান্য সেতু প্রতিস্থাপন (১ম সংশোধিত), আরডিও ভবনের ৫ম থেকে ১০ম তলা নির্মাণ, জালালাবাদ সেনানিবাসে এসআইঅ্যান্ডটির সক্ষমতা বৃদ্ধিতে কোয়ার্টার গার্ড নির্মাণ, সিলেট বিভাগে বন্যা পূর্ববাতিস্তর জন্য ৩ডি মডেল প্রস্তুতকরণ (১ম সংশোধিত), সৈয়দপুর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল অ্যান্ড কলেজ ও খুলনা মিলিটারি কলেজিয়েট স্কুলের অবকাঠামো উন্নয়ন, সামাজিক সুরক্ষা জোয়ারদারকরণ (এসএসআরআইটি) (১ম সংশোধিত) প্রকল্প, বরগুনা ও দিনাজপুর জেলা স্টেডিয়ামের উন্নয়ন এবং সিলেট-১০ নম্বর অনুসন্ধান কূপ খনন (২য় সংশোধিত) প্রকল্প সম্পর্কে কমিটিকে অবহিত করা হয়।

পোনাবালিয়ায় ৫ খাল পুনঃখনন, স্বস্তিতে কয়েক হাজার কৃষক

ঝালকাঠি প্রতিনিধি

দীর্ঘদিন পলি জমে ভরাট হয়ে থাকা ঝালকাঠি সদর উপজেলার পোনাবালিয়া ইউনিয়নের পাঁচটি খাল পুনঃখনন করা হয়েছে। পানি চলচল স্বাভাবিক হওয়ায় জলাবদ্ধতা নিরসন ও সেচ সুবিধা পেয়ে স্বস্তি ফিরেছে স্থানীয় কয়েক হাজার কৃষকের মধ্যে। দিয়াকুল পানি ব্যবস্থাপনা সমস্যা সমিতি লিমেটরেজের আওতাধীন দিয়াকুল ড্রেনেজ উপ-প্রকল্পের মাধ্যমে ১০ দশমিক ২৫ কিলোমিটার দৈর্ঘ্যের এ পাঁচটি খাল পুনঃখনন করা হয়। স্থানীয় কৃষকেরা জানান, খালগুলো ভরাট থাকায় বর্ষা মৌসুমে জমিতে পানি জমে ফসল নষ্ট হতো, আবার শুষ্ক মৌসুমে দেখা দিত সেচের সংকট। এখন খাল পুনঃখননের ফলে বর্ষায় অতিরিক্ত পানি দ্রুত নিষ্কাশিত হবে এবং শুষ্ক মৌসুমে সহজেই সেচ সুবিধা পাওয়া যাবে। দিয়াকুল পানি ব্যবস্থাপনা সমনায় সমিতির সভাপতি সাইদুর রহমান জানান, খালগুলো সচল হওয়ায় কৃষকদের দীর্ঘদিনের ভোগান্তি কমেছে। তবে এ সুফল দীর্ঘমেয়াদে ধরে রাখতে নিয়মিত রক্ষণাবেক্ষণ প্রয়োজন বলে মনে করেন তিনি। পোনাবালিয়া ইউনিয়ন বিএনপির সভাপতি আজিজুর রহমান মাস্টার বলেন, “কৃষির জন্য সঠিক পানি ব্যবস্থাপনা অত্যন্ত জরুরি। খালগুলো যেন পুনরায় দখল বা ভরাট না হয়, সেদিকে নজর রাখা দরকার।” সদর উপজেলা এলজিইডির সহকারী প্রকৌশলী সানজিব কুমার জানান, কৃষকদের সেচ ও পানি নিষ্কাশন সুবিধা বাড়াণোর লক্ষ্যেই প্রকল্পটির কাজ করা হয়েছে। খালগুলোর সুফল বজায় রাখতে নিয়মিত রক্ষণাবেক্ষণ ও সংরক্ষণের তাগিদ দেন তিনি।

মধ্যপ্রাচ্য সংঘাতে জ্বালানি সংকটে বিশ্ব দেশে দেশে ছড়িয়ে পড়ছে বিক্ষোভ

কীর্তনখোলা ডেস্ক

মধ্যপ্রাচ্যে চলমান সংঘাতের প্রভাবে বিশ্বজুড়ে বেড়েছে জ্বালানির দাম। এর প্রভাব পড়ছে সাধারণ মানুষের জীবনযাত্রায়। জ্বালানির মূল্যবৃদ্ধি ও বিদ্যুৎ সংকটের প্রতিবাদে বিভিন্ন দেশে রাস্তায় নেমেছে মানুষ। বিশেষ করে, অপেক্ষাকৃত কম ৩ এর পাতায় দেখুন

কীর্তনখোলা

আত্মতত্ত্বীয় প্রতিদিন

বরিশাল ৯ বৃহস্পতিবার ৯ ১৭ সেপ্টেম্বর ২০২৬ ৯ ০৪ আশ্বিন ১৪৩৩

হামের শিকার ১০ শিশুর প্রায় ৬ জনই সংক্রমিত হয়েছে হাসপাতালে

কীর্তনখোলা ডেস্ক

হাম আক্রান্ত শিশুদের বড় একটি অংশ রোগী হিসেবে হাসপাতালে গিয়ে সংক্রমিত হয়েছে, দক্ষিণ বাংলাদেশের সামগ্রিক হামের প্রাদুর্ভাব নিয়ে করা একটি গবেষণায় এমন তথ্য পাওয়া গেছে। গবেষণায় অন্তর্ভুক্ত শিশুদের ৫৯ দশমিক ৪ শতাংশ কোনো না কোনো স্বাস্থ্যসেবা কেন্দ্র, ক্লিনিক বা হাসপাতালে অন্য রোগের চিকিৎসা নিতে গিয়ে হামে আক্রান্ত হয়েছে বলে তথ্য পাওয়া গেছে। গবেষণায় আরও দেখা গেছে, হাম আক্রান্ত শিশুদের ৪৮ শতাংশের বয়স ৯

মাসের কম। অর্থাৎ বাংলাদেশের নিয়মিত টিকাদান কর্মসূচিতে হামের প্রথম টিকা নেওয়ার বয়স হওয়ার আগেই তারা সংক্রমিত হয়েছে। আক্রান্ত শিশুদের ৮৫ দশমিক ২ শতাংশই ছিল সম্পূর্ণ টিকাবিহীন। তাদের প্রায় এক-তৃতীয়াংশ ৩ এর পাতায় দেখুন

শিক্ষক পান ১ লাখ ৪০ হাজার, ২৮.৫৭% ঘুষ চাইলেন শিক্ষা অফিসের ছাত্র

চরফ্যাশন প্রতিনিধি

ভোলা চরফ্যাশন উপজেলার হাজিরহাট সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মনির উদ্দিনের প্রায় ১৩ বছর ধরে আটকে আছে এরিয়া বিল। দীর্ঘদিন ধরে বিলের টাকা পেতে সংশ্লিষ্ট দপ্তরে ঘুরেও কোনো সমাধান হয়নি বলে অভিযোগ তার। সর্বশেষ চরফ্যাশন উপজেলা একটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে কর্মরত ছিলেন। প্রাথমিক শিক্ষা অফিসের অফিস সহকারী কাম প্রায় তিন বছর আগে ৩ এর পাতায় দেখুন



কম্পিউটার অপারেটর ছাত্রের তার কাছে ৪০ হাজার টাকা ঘুষ দাবি করেছেন বলেও অভিযোগ করেছেন ওই প্রধান শিক্ষক। প্রধান শিক্ষক মনির উদ্দিনের দাবি, তার পাতনা এরিয়া বিলের পরিমাণ প্রায় ১ লাখ ৪০ হাজার টাকা। এর আগে তিনি লালমোহন উপজেলার



জাল তুলতেই উঠে এলো ২ কেজি ১০০ গ্রাম ওজনের ইলিশ

কুয়াকাটা প্রতিনিধি

পটুয়াখালীর কুয়াকাটাসংলগ্ন বঙ্গোপসাগরে এক জেলের জালে ২ কেজি ১০০ গ্রাম ওজনের একটি ইলিশ ধরা পড়েছে। মাছটি নিলামে বিক্রি হয়েছে ৭ হাজার ২০০ টাকায়। মঙ্গলবার বঙ্গোপসাগরের পায়রা বন্দরসংলগ্ন পাইপবরা এলাকায় ইলিশটি ধরা পড়ে সোহরাব গাজী নামের এক জেলের জালে। বুধবার সকাল ৯টার সময় কুয়াকাটা মৎস্য আড়তে মাছটি বিক্রির জন্য নিয়ে আসেন তিনি। সেখানে মাছটি নিলামে বিক্রি করা হয়। বঙ্গোপসাগরে ১০ বছর ধরে ইলিশ মাছ ধরেন সোহরাব গাজী। এত বড় ইলিশ সচরাচর পাওয়া যায় না উল্লেখ করে তিনি বলেন, 'জাল ফেলার পর জাল টাইনা তুলতেই অন্যান্য মাছের লগে এই বড় আকারের ইলিশ মাছটি ধরা পড়ে। মাছটি বিক্রির জন্য কুয়াকাটা মৎস্য আড়তে নেওয়া হইলে ডাকের মাধ্যমে ৭ হাজার ২০০ টাকায় মাছটি বিক্রি করা হইছে। অনেক বছর ৩ এর পাতায় দেখুন

৩ দিনে শতাধিক ঘর-দোকান মেঘনায় ভাঙন পরিদর্শনে বিভাগীয় কমিশনার

কীর্তনখোলা রিপোর্ট

খরপ্রোতা মেঘনার ভাঙনে বরিশালের মেহেন্দিগঞ্জের চরগোপালপুর ইউনিয়নে গত তিন থেকে চার দিনে অর্ধশতাধিক ঘরবাড়ি নদীগর্ভে বিলীন হয়েছে। একই সময়ে ঢোলের হাট বাজারের ১৫ থেকে ৩০টি দোকানও নদীতে চলে গেছে। ভাঙন ঠেকাতে জিও ব্যাগ

ফেলা হলেও তা কাজে আসছে না বলে জানিয়েছেন স্থানীয় জনপ্রতিনিধিরা। এতে লেঙ্গুটিয়া মুসলিম মাধ্যমিক বিদ্যালয়, লেঙ্গুটিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়সহ আশপাশের জনবসতি হুমকির মুখে পড়েছে। ভাঙনকবলিত চরগোপালপুর ও পার্শ্ববর্তী আলিমাবাদ ইউনিয়নের এলাকা সরেজমিনে পরিদর্শন

করেছেন বরিশালের বিভাগীয় কমিশনার মোহাম্মদ খলিল আহমেদ। এ সময় তিনি ক্ষতিগ্রস্ত এলাকা ঘুরে দেখেন এবং নদীভাঙনে ক্ষতিগ্রস্ত মানুষের সঙ্গে কথা বলে তাদের দুর্ভোগ ও সমস্যার কথা শোনেন। স্থানীয় বাসিন্দাদের দেওয়া তথ্য অনুযায়ী ৩ এর পাতায় দেখুন

পারিবারিক কলহের পর যুবকের মৃত্যু

রাজাপুর প্রতিনিধি

ঝালকাঠির রাজাপুরে পারিবারিক কলহের পর কামাল হাওলাদার (৪৫) নামে এক ব্যক্তির মৃত্যু হয়েছে। মঙ্গলবার দুপুরে উপজেলার গালুয়া ইউনিয়নের পটুয়াখালী এলাকায় এ ঘটনা ঘটে। স্বজন ও স্থানীয়দের সূত্রে জানা গেছে, মঙ্গলবার সকালে স্ত্রীর সঙ্গে কামালের ঝগড়া হয়। পরে আত্মীয়স্বজন ও প্রতিবেশীরা বিষয়টি মীমাংসা করে দেন। দুপুর সাড়ে ১২টার দিকে কামালের স্ত্রী সুমি বেগম ও তার মেয়ের ৩ এর পাতায় দেখুন

বাউফলে ২১ পিস ইয়াবাসহ যুবক গ্রেফতার

বাউফল প্রতিনিধি

পটুয়াখালীর বাউফলে ২১ পিস ইয়াবা ট্যাবলেটসহ মো. রাসেল আকন (৩৮) নামে এক ব্যক্তিকে গ্রেপ্তার করেছে পুলিশ। মঙ্গলবার (১৫ সেপ্টেম্বর) রাত সাড়ে ৯টার দিকে উপজেলার দাসপাড়া ইউনিয়নের দাসপাড়া মন্দিরের সামনে বাউফল-নওমালাগামী পাকা সড়ক থেকে তাকে গ্রেপ্তার করা হয়। গ্রেপ্তার রাসেল আকন দাসপাড়া ইউনিয়নের ৬ নম্বর ওয়ার্ডের বাসিন্দা। তিনি মো. জাহাঙ্গীর ৩ এর পাতায় দেখুন

গুরুত্বপূর্ণ বার্তা: বর্তমান পরিস্থিতিতে

ইসলাম ও প্রাচীন শিক্ষার অপর সমন্বয়

লুৎফুর রহমান আলিম (ক্যাডেট) মাদরাসা

লুৎফুর রহমান সড়ক, নতুল্লাবাদ, বরিশাল। ২০২৬ শিক্ষাবর্ষে

আবাসিক অনাবাসিক চে-কোয়ার

দাখিল A+ প্রাপ্তদের জন্য

আকবরীয় সুযোগ-সুবিধা রয়েছে।

যোগাযোগ: ০১৭১২-৮৫১৪২২, ০১৭১১৮৮৭১৮৮, ০১৭১১-৭০২২৫৭, ০১৭১৪৫১১১৪

মাদকাসক্তি ও মানসিক রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে

নিউ লাইফ

মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড

যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।

০১৭১৩-৯৫০৯৪১

০১৭১৩-১৬৯৮২৮

আমতলীতে দুই কেজি গাঁজাসহ যুবক গ্রেফতার

আমতলী প্রতিনিধি

বরগুনার আমতলীতে জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশের অভিযানে ২ কেজি গাঁজাসহ মো. সজল হাওলাদার (৩৮) নামে এক যুবককে গ্রেফতার করা হয়েছে। গ্রেফতার সজল হাওলাদার বরগুনা সদর উপজেলার এম বালিয়াতলী ইউনিয়নের পরিখাল এলাকার মো. আব্দুল লতিফ হাওলাদারের ছেলে। মঙ্গলবার (১৫ সেপ্টেম্বর) রাত্রে বিষয়টি নিশ্চিত করেন বরগুনা জেলা গোয়েন্দা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (এসি) মো. সাজ্জাদ হোসেন। তিনি ৩ এর পাতায় দেখুন

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন

এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডট্টউ. এইচ.ও (অস্ট্রেলিয়া)

অধ্যাপক ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এস)

শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।

নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ

চেশ্বার: মেডিনোতা মেডিকেল সার্ভিসেস লিঃ

শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে

বধি রোড, বরিশাল।

রোগী দেখার সময়: প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা

প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা

সিরিয়ালের জন্য: ০১৭৫২-১৩৪৪৩৮, ০১৭১১-২৪০৯৬৬

০১৭১৪-০৬৭৮৮৬, ০১৭০৬-৩৫৪৯৭৫

বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল



ভাণ্ডারিয়া অর্থ আত্মসাৎসহ ২৪ অভিযোগে প্রধানশিক্ষককে কারণ দর্শানোর নোটিশ

ভাণ্ডারিয়া প্রতিনিধি

পিরোজপুরের ভাণ্ডারিয়া থানা বালিকা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক এস. এম. মজিবুর রহমানের বিরুদ্ধে ৭৯লাখ০৪হাজার ৩৩০টাকা অর্থ আত্মসাৎ, সরকারি রাজস্ব ফাঁকি, ক্ষমতার অপব্যবহার ও পেশাতার অসদাচরণসহ ২৪টি গুরুতর অভিযোগের পরিপ্রেক্ষিতে তাকে কারণ দর্শানোর নোটিশ (শোককর্জ) দেওয়া হয়েছে। একই সঙ্গে বিধিমোতাবেক পরবর্তী ব্যবস্থা গ্রহণের প্রক্রিয়া শুরু হয়েছে। ঐ বিদ্যালয়ের সভাপতি এবং স্থানীয় সরকারের প্রধান নির্বাহী কর্মকর্তা উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) মো. হাসিবুল হাসান স্বাক্ষরিত স্মারকে গত ১৩ সেপ্টেম্বর এ কারণ দর্শানো নোটিশ জারি করা হয়। ওই ৩ এর পাতায় দেখুন



তিন যুগ পর সওজের জমিতে উচ্ছেদ অভিযান, ভাঙা হলো ঝুঁকিপূর্ণ ভবন

কাউখালী প্রতিনিধি

বুধবার, ১৬ সেপ্টেম্বর, ২০২৬, ৬:১৮ পিএম

পিরোজপুরের কাউখালীতে সড়ক ও জনপথ বিভাগের (সওজ) জমিতে দীর্ঘদিন ধরে গড়ে ওঠা অবৈধ ও ঝুঁকিপূর্ণ স্থাপনা উচ্ছেদ করা হয়েছে। বুধবার (১৬ সেপ্টেম্বর) সকাল ১১টার দিকে জেলা প্রশাসন ও সড়ক বিভাগের যৌথ উদ্যোগে এ অভিযান পরিচালনা করা হয়। অভিযানে নির্বাহী ম্যাজিস্ট্রেট মোহাম্মদ রুবায়েত হাসান ও সড়ক ও জনপথ বিভাগের এস মাহমুদুর রহমানের নেতৃত্বে পুলিশ ও ফায়ার সার্ভিসের সদস্যরা অংশ নেন। বুলডোজার দিয়ে প্রায় ৩৫ বছর পুরনো একটি বাড়িসহ টিনশেড, আধাপাকা বাড়ি, দোকানঘরসহ বিভিন্ন স্থাপনা ভেঙে সরিয়ে দেওয়া হয়। সড়ক বিভাগ সূত্রে জানা গেছে, গড়িয়ারপাড়-বানারীপাড়া-শরুপকাটা-কাউখালী-নৈকোটা (গেজড-৮০৩৩) জেলা মহাসড়কের ৪৪তম ৩ এর পাতায় দেখুন

জমি নিয়ে মামলা: স্বামীর জামিন, স্ত্রীকে কারাগারে

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালে জমি বিক্রির বায়না চুক্তি, অর্থ গ্রহণের পর জমি রেজিস্ট্রি করে না দেওয়া, ভাঙচুর ও ভয়ভীতি প্রদর্শনের অভিযোগে দায়ের করা মামলায় মোঃ আসলাম হাওলাদার ও তার স্ত্রী রহিমা আফরোজা নিশা জামিন আবেদন করেছেন।

গুনানি শেষে আদালত আসলাম হাওলাদারের জামিন মঞ্জুর করলেও তার স্ত্রী রহিমা আফরোজা নিপার জামিন আবেদন নামঞ্জুর করে তাকে জেলহাজতে পাঠানোর নির্দেশ দিয়েছেন। মঙ্গলবার (১৫ সেপ্টেম্বর) বরিশালের অতিরিক্ত চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আমালী আদালতে এ জামিন গুনানি অনুষ্ঠিত হয়। গুনানি শেষে বিচারক এস এম শরীয়াভূঞা এ আদেশ দেন। মামলার নথি সূত্রে জানা যায়, বরিশাল নগরীর দক্ষিণ রূপাতলী এলাকার বাসিন্দা মোঃ রফিকুল ইসলাম বাদী হয়ে ৩ এর পাতায় দেখুন

বিসমিল্লাহির রাহমানির রাহিম

কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে

ঈশিতা কম্পিউটার

All Kinds Of Computer Solution, Accessories Selling, Training & Digital Photography

উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৫৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় : সৌরভ লজ, গোড়াটান দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com